

যষ্ঠ অধ্যায়


দৃষ্টিভঙ্গি ভিত্তিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচী

খরা প্রবণ অঞ্চল উন্নয়ন কর্মসূচী

(Drought Prone Area Programme-DPAP)

খরা প্রবণ অঞ্চল বলতে সেই সকল অঞ্চল গুলিকে বোঝায়, যেখানে ক্রমাগত ভূমির বেশিষ্টের অবনমন ঘটে, জলসম্পদ হ্রাস পায়, শস্য উৎপাদনের ও পশুপালনের অনুপযোগী পরিবেশ তৈরি হয়, মানুষ বসবাসের অনুপযুক্ত অবস্থার সৃষ্টি হয়, ক্ষুধা ও অপুষ্টির প্রভাব লক্ষণীয় এবং মানবসম্প্রদায়ের বহির্মুখী পরিব্রাজন লক্ষ্য করা যায়।

ভারতের মরু, মরুপ্রায় ও শুষ্ক এলাকাগুলিতে খরার প্রভাব লক্ষণীয়। সেই কারণে এইসমস্ত অঞ্চলগুলির ভূমি, জল এবং অন্যান্য প্রাকৃতিক ও আর্থসামাজিক অবস্থার উন্নয়নকল্পে 1973-1974 সালে



কেন্দ্রীয় সরকারের উদ্যোগে 'Drought Prone Area Programme' গ্রহণ করা হয়।

উদ্দেশ্য:

এই পরিকল্পনা গ্রহণের উদ্দেশ্য গুলি হল-

- স্থানীয় ক্ষেত্রে সর্বপ্রথম জলের যোগানকে নিশ্চিত করা।
- অধিবাসীদের আর্থসামাজিক অবস্থার উন্নতি ঘটানো।
- সামাজিক অবস্থার উন্নতি ঘটিয়ে এবং স্থানীয়ভাবে কর্মের সুযোগ তৈরি করে বহির্মুখী পরিব্রাজন হ্রাস করা।

- বাস্তবায়নিক অবস্থার উন্নয়ন ঘটানো।
- স্থানীয় অধিবাসীদের এই কর্মসূচির বিভিন্ন কাজে নিযুক্ত করে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।

DPAP- এর সূত্রপাত:

খরা প্রবণ অঞ্চলগুলিতে ক্রমাগত প্রাকৃতিক সম্পদের পরিমাণ হ্রাস, ভূমি অবনমন, ভৌম জলের পরিমাণ হ্রাসের কারণে এবং উক্ত অঞ্চলের অধিবাসীদের কথা চিন্তাভাবনা করেই এই কর্মসূচি গ্রহণ করা হয়। পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসারে (1974-75 থেকে 1978-79) অঞ্চলভিত্তিক উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়, সেই অনুসারে পরিকল্পনা কমিশনের চেয়ারম্যানের (Dr. B.S. Minhas) তত্ত্বাবধানে Integrated Area Development Programme রূপে এই কর্মসূচি গৃহীত হয়।

অঞ্চল নির্ধারণ পদ্ধতি:

DPAP- এর অন্তর্গত অঞ্চলগুলিকে চিহ্নিত করার জন্য যে পদ্ধতি অবলম্বন করা হয়, তা হল- কোন অঞ্চলের বাষ্পীয় প্রস্বেদন ও অধঃক্ষেপণ এর উপর ভিত্তি করে গঠিত আর্দ্রতা সূচকের (Moisture Index) মাধ্যমে

$$MI = ((P - PE) / PE) \times 100$$


P = Precipitation (অধঃক্ষেপণ)

PE = Potential Evapo-transpiration (সম্ভাব্য বাষ্পীয় প্রস্বেদন)

এই M.I সূচকের ওপর ভিত্তি করে এই কর্মসূচির বিভিন্ন অঞ্চলগুলিকে চিহ্নিত করা হয়-

M.I	Climatic Zone	Programme
<-66.7	Arid	Desert Development Programme(DDP)
-66.7 to -33.3	Semi arid	Drought Prone Area Programme(DPAP)
-33.3 to 0	Dry sub-humid	DPAP

Source: Report of Dept. of Land Resource



উদ্যোগসমূহ:


এই কর্মসূচী বাস্তবায়নের স্বার্থে যে উদ্যোগ নেওয়া হয়, সেগুলি হল -

- কম খরচ এবং স্থানীয় প্রযুক্তিকে কাজে লাগানো।
- বৃক্ষচ্ছেদনের পরিমাণ হ্রাস করা এবং পরিকল্পনাকরে বনায়ন করা।
- জল সংরক্ষণ করা এবং জলের পরিমাণ বৃদ্ধি করতে বৃষ্টির জল সংরক্ষণ করা।
- মৃত্তিকার আর্দ্রতা রক্ষা করা।
- তৃণভূমি গঠন করা এবং স্থানীয় অধিবাসীদের কর্মসংস্থান করা।
- মৃত্তিকার বৈশিষ্ট্যের উন্নতি ঘটানো।

State	No. Of districts under DPAP
Karnataka	15
West bengal	4
Rajasthan	11
Andhrapradesh	11

Source: Report of Dept. of Land Resource

এই কর্মসূচির একটি অন্যতম পদক্ষেপ হল Watershed গঠন করা। এইক্ষেত্রে প্রায় 500 হেক্টর জায়গাকে কেন্দ্র করে জলসংরক্ষণ এবং জলসরবরাহের ক্ষেত্রে আন্তঃসংযোগকারী সেচখালের ব্যবস্থাপনা করা হয়।



গুরুত্ব:

- প্রাকৃতিক সম্পদ(জল, মাটি) এই কর্মসূচির মাধ্যমে সংরক্ষিত হয় এবং সম্পদের সঠিক ব্যবহার করা হয়।

- এই কর্মসূচির মাধ্যমে খরাপ্রবণ অঞ্চলগুলিতে উদ্ভিদের আবরণের পরিমাণ বৃদ্ধি পায়, যা পরোক্ষভাবে অঞ্চলগুলিতে বৃষ্টির পরিমাণ বৃদ্ধিতে সহায়ক হয়।
- এই কর্মসূচির সাথে যুক্ত হয়ে স্থানীয় অধিবাসীদের কাজের সুযোগ বৃদ্ধি পায়। ফলে মাথাপিছু আয় বৃদ্ধির সাথে গ্রামীণ অর্থনৈতিক অবস্থাও উন্নতি ঘটে।
- Watershed গঠনের মাধ্যমে এই অঞ্চলে জলের যোগান বৃদ্ধি পায়। ফলে জলসেচের মাধ্যমে কৃষিজ উৎপাদনও বৃদ্ধি পায়।
- পশুপালনের পরিমাণ বৃদ্ধি পায় এবং জীবিকা অর্জনের সুযোগেরও বৃদ্ধি ঘটে।
- খরার পরিমাণ অনেকাংশে হ্রাস পায়।
- আঞ্চলিক বৈষম্য হ্রাস পায় এবং সার্বিক জাতীয় উন্নয়নের পথ প্রশস্ত হয়।

সুতরাং বলা যায়, এই কর্মসূচি গ্রহণের মাধ্যমে ভারতের পিছিয়ে পড়া অঞ্চল হিসেবে খরাপ্রবণ অঞ্চল গুলির উন্নয়নে সরকার একটি ইতিবাচক ভূমিকা পালন করে চলেছে।